

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৫.০১২.১৮-৪৮৯

১৭ ভাদ্র, ১৪২৬ বঃ
তারিখ:-----
০১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি.


বিষয়: বিশেষায়িত সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণের জন্য মনোনয়ন আহবান (২০১৯-২০ অর্থবছর)।

উপর্যুক্ত বিষয়ে সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণে শ্রেণের জন্য আপনার বিভাগ হতে সহকারী কমিশনার/সহকারী কমিশনার (ভূমি) ২০ জন, সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক/সমমান ২৫ জন, জেলা প্রশাসক/মাঠ প্রশাসনে কর্মরত উপসচিব/সমমান ১০ জন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার/মাঠ প্রশাসনে কর্মরত যুগ্মসচিব/সমমান ০৫ জন (সর্বমোট ৬০ জন)-এর মনোনয়ন আগামী ১১.০৯.২০১৯ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে সিপি-২ শাখায় (ই-মেইলে এবং বাহক মারফত নিকস ফন্টে সফট কপিসহ) সংযুক্ত ছক মোতাবেক শ্রেণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- (ক) মনোনীত কর্মকর্তাদের চাকরি স্থায়ী হতে হবে।
- (খ) চাকরিকাল ন্যূনতম ০৪ (চার) বছর হতে হবে এবং চাকরির মেয়াদ ন্যূনতম ০৫ (পাঁচ) বছর অবশিষ্ট থাকতে হবে।
- (গ) কোন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান থাকলে বা মামলায় দণ্ডিত হলে তাকে মনোনয়ন প্রদান করার প্রয়োজন নেই।
- (ঘ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ থাকতে হবে।
- (ঙ) মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তার শিক্ষাগত যোগ্যতা, দাপ্তরিক দক্ষতা, নিষ্ঠা, উদ্ভাবনী কার্যক্রম, সততা এবং সুনামকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।
- (চ) বিভাগের আওতাধীন প্রত্যেক জেলা থেকে উপযুক্ত সংখ্যক পুরুষ ও মহিলা কর্মকর্তাকে মনোনয়ন দিতে হবে। দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে।
- (ছ) ইতোপূর্বে বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করেন নাই এমন কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে।
- (জ) মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ০১ (এক) বছর মেয়াদের মেশিন রিডেবল অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে এবং আবশ্যিকভাবে তাদের পাসপোর্ট-এর ছবিযুক্ত পৃষ্ঠার ফটোকপি অগ্রায়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (ঝ) তথ্য প্রদানে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটি প্রাপ্ত মনোনয়ন থেকে নির্দিষ্ট কোর্সের জন্য প্রশিক্ষণার্থী তালিকা সুপারিশ করবে।

সংযুক্তি: মনোনয়ন ছক



(ড. মোহাম্মদ জিয়াউল হক)

যুগ্মসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

E-mail: cp2@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার

ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক -----(সকল)।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (সিপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের কারিয়ার প্ল্যানিং-২ শাখা কর্তৃক পরিচালিত বিশেষায়িত সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণের জন্য মনোনয়ন ছক

ক্রমিক নং	নাম (বাংলা ও ইংরেজি), পদবি ও কর্মস্থল (অফিসিয়াল পাসপোর্ট এর অনুরূপ)	পরিচিতি নম্বর, ব্যাচ ও যোগাধানের তারিখ	অফিসিয়াল পাসপোর্ট (MRP) নম্বর ও মেয়াদ	ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল	জন্ম তারিখ ও জাতীয় পরিচয় পত্রের নম্বর (ফটোকপি সহ)	সদ্য তোলা পাসপোর্ট সাইজের রট্টিন ছবি (দুই কপি)	বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৭ থেকে অদ্যাবধি)
১.							

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল


৩.৩.১৭.২০১৭